গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
এনআইএস, এপিএ ও সুশাসন শাখা
www.rthd.gov.bd

ড(117)
19-02-2025.

## সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের ২০২৪-২০২৫ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনার বাস্তবায়ন পর্যালোচনার নিমিত্ত তৃতীয় প্রান্তিক (জানুয়ারি-মার্চ, ২০২৫) এর নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | **মোঃ এহছানুল হক**<br>সিনিয়র সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ |
| তারিখ | : | ০৫ ফেব্রুয়ারি, ২০২৫ |
| সময় | : | সকাল ১০ ঘটিকা |
| স্থান | : | বিদ্যুৎ ভবনস্থ ডিপিডিসি সম্মেলন কক্ষ, ঢাকা |
| উপস্থিতি | : | পরিশিষ্ট "ক" |

উপস্থিত সকলকে স্বাগতম জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। প্রারম্ভিক বক্তব্যে তিনি ২০২৪-২০২৫ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনা বাস্তবায়নে সকলের আন্তরিক প্রচেষ্টা অব্যাহত রাখার আহ্বান জানান। অতঃপর তিনি এ বিভাগের যুগ্মসচিব, সওজ সংস্থাপন ও টিএ অধিশাখা ও শুদ্ধাচার বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব মুহাম্মদ কামরুল হাসানকে কার্যপত্র অনুসারে সভা পরিচালনাসহ ২০২৪-২০২৫ অর্থবছরের এ বিভাগ ও আওতাধীন সকল দপ্তর/সংস্থসমূহের শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনার ২য় প্রান্তিকের বাস্তবায়ন অগ্রগতি এবং ৩য় প্রান্তিকের লক্ষমাত্রা সভায় উপস্থাপন করার আহ্বান জানান।

২.০। সভাপতির অনুমোদনক্রমে শুদ্ধাচার বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভার কার্যপত্র অনুসারে জনাব শরন কুমার বড়ুয়া, সিনিয়র সহকারী সচিব, এনআইএস, এপিএ ও সুশাসন শাখাকে শুদ্ধাচার কৌশল পরিকল্পনার ২য় প্রান্তিকের বাস্তবায়ন অগ্রগতি এবং ৩য় প্রান্তিকের লক্ষমাত্রা সভায় উপস্থাপন করার অনুরোধ জানান। তিনি গত ১০/১১/২০২৪ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন। কোন সংশোধন না থাকায় উপস্থাপিত কার্যবিবরণটি দৃঢ়করন করা হয়।

৩.০। অতঃপর সিনিয়র সহকারী সচিব, এনআইএস, এপিএ ও সুশাসন শাখা সভার কার্যপত্র অনুসারে বিগত ১০/১১/২০২৪ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি এবং এ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থসমূহের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৪-২০২৫ এর ২য় প্রান্তিকের বাস্তবায়ন অগ্রগতি এবং ৩য় প্রান্তিকের (জানুয়ারি-মার্চ, ২০২৫) বাস্তবায়ন পরিকল্পনা সভায় পর্যায়ক্রমে উপস্থাপন করেন।

৪.০। সিনিয়র সহকারী সচিব, এনআইএস, এপিএ ও সুশাসন শাখা সভাকে অবহিত করেন যে, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভাটি চলতি ফেব্রুয়ারি, ২০২৫ মাসে ঢাকা বিআরটি পিএলসি'র শিববাড়ী গাজীপুরে আয়োজনের পরিকল্পনা রয়েছে। এছাড়া অধিনস্ত দপ্তর, সংস্থার সেবার মান বৃদ্ধি কল্পে গণশুনানী বিআরটিএ'র ইকুরিয়া কার্যালয়ে আয়োজনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। এ বিভাগের বার্ষিক উন্নয়ন কর্মসূচির ২য় প্রান্তিকের লক্ষ্যমাত্রা ছিল ৩০% অর্জন ১৫.২৫% এবং প্রকল্পের PSC সভা দুই প্রান্তিকে লক্ষ্যমাত্রা ৭০ টির বিপরীতে অর্জন ৫৬টি, তৃতীয় প্রান্তিকে মোট (১৪+৩৫) = ৪৯ টি PSC সভা করতে হবে। এ প্রসঙ্গে উপসচিব, জিওবি সভাকে অবহিত করেন যে, চলতি প্রান্তিকে এডিবি বাস্তবায়ন এবং PSC সভা আয়োজন লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। অতঃপর সিনিয়র সহকারী সচিব, এনআইএস, এপিএ ও সুশাসন শাখা ২য় প্রান্তিকে এ বিভাগের অন্যান্য সকল কার্যক্রমগুলো নির্ধারিত সময়ে সম্পন্ন হয়েছে মর্মে সভাকে অবহিত করেন। সভাপতি এই প্রসঙ্গে যে সকল সূচকে ১ম এবং ২য় প্রান্তিকে লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি সে সকল সূচকের লক্ষ্যমাত্রা অর্জনের জন্য সকলকে অনুরোধ জানান।

**৫.০। আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের শুদ্ধাচার কর্ম পরিকল্পনার ২য় প্রান্তিকের লক্ষ্যমাত্রার বিপরীতে বাস্তবায়ন অগ্রগতি এবং ৩য় প্রান্তিকের লক্ষ্যমাত্রাসমূহ পর্যালোচনা:**

CS CamScanner

৫.১। **সড়ক ও জনপথ অধিদপ্তর:** বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সওজ সভাকে অবহিত করেন যে, তার দপ্তরের এর ২য় প্রান্তিকের সকল লক্ষমাত্রা অর্জিত হয়েছে। ৩য় প্রান্তিকের লক্ষ্যমাত্রাসমূহ নির্ধারিত সময়ে বাস্তবায়ন করা হবে।

৫.২। **বিআরটিএ:** বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বিআরটিএ সভাকে অবহিত করেন যে, তার দপ্তরের এর ২য় প্রান্তিকের সকল লক্ষমাত্রা শতভাগ অর্জিত হয়েছে। ৩য় প্রান্তিকের লক্ষ্যমাত্রাসমূহ নির্ধারিত সময়ে বাস্তবায়ন করা হবে।

৫.৩। **বিআরটিসির:** বিআরটিসির ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, ১ম প্রান্তিকের লক্ষমাত্রা অনুযায়ী অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন এবং বাজেট বাস্তবায়ন কার্যক্রম গুলি সময়মত অর্থছাড় এবং ক্রয় কার্যক্রমে শিথিলতা থাকার কারণে বাস্তবায়ন করা সম্ভব হয়নি। তবে অবাস্তবায়িত লক্ষ্যমাত্রাসমূহ ৩য় প্রান্তিকে বাস্তবায়ন করা হবে।

৫.৪। **ডিটিসিএ:** ডিটিসিএ এর প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, তার দপ্তরের এর ২য় প্রান্তিকের সকল লক্ষমাত্রা শতভাগ অর্জিত হয়েছে। ৩য় প্রান্তিকের লক্ষ্যমাত্রা নির্ধারিত সময়ে বাস্তবায়ন করা হবে।

৫.৫। **ঢাকা ম্যাস ট্রান্জিট কোম্পানী লিমিটেড:** ডিএমটিসিএল এর প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, তার দপ্তরের এর ২য় প্রান্তিকের সকল লক্ষমাত্রা শতভাগ অর্জিত হয়েছে। ৩য় প্রান্তিকের লক্ষ্যমাত্রা নির্ধারিত সময়ে বাস্তবায়ন করা হবে।

৫.৬। **ঢাকা বাস র‍্যাপিড ট্রানজিট পিএলসি:** ঢাকা বিআরটি পিএলসি এর প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, তার দপ্তরে ২য় প্রান্তিকের লক্ষ্যমাত্রাসমূহ বাস্তবায়ন করা হয়েছে এবং ৩য় প্রান্তিকের লক্ষ্যমাত্রাসমূহ অর্জনের কার্যক্রম চলমান আছে। সভপতি এ প্রসংগে ৩য় প্রান্তিকের লক্ষ্যমাত্রাসমূহ অর্জনের চেষ্টা অব্যাহত রাখার অনুরোধ জানান।

৬.০। **সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গ্রহণ করা হয়:**

| ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ১. | **সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ :**<br>(ক) ঢাকা বিআরটি পিএলসি'র শিববাড়ী গাজীপুরে অংশীজন সভা আয়োজন করতে হবে।<br>(খ) বিআরটিএ'র ইকুরিয়া কার্যালয়ে গণশুনানীর আয়োজন করতে হবে।<br>(গ) ৩য় প্রান্তিকের লক্ষ্যমাত্রা অনুযায়ী সকল কার্যক্রম নির্ধারিত সময়ে সম্পন্ন করতে হবে। | ১। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা বিআরটি পিএলসি।<br>২। চেয়ারম্যান, বিআরটিএ।<br>৩। ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ। |
| ২. | **সড়ক ও জনপথ অধিদপ্তর :** ৩য় প্রান্তিকের লক্ষ্যমাত্রা অনুযায়ী সকল কার্যক্রম নির্ধারিত সময়ে সম্পন্ন করতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ। |
| ৩. | **বিআরটিএ :** ৩য় প্রান্তিকের লক্ষ্যমাত্রা অনুযায়ী সকল কার্যক্রম নির্ধারিত সময়ে সম্পন্ন করতে হবে। | চেয়ারম্যান, বিআরটিএ। |
| ৪. | **বিআরটিসি :** অনুমোদিত বার্ষক ক্রয় পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন এবং বাজেট বাস্তবায়ন কার্যক্রম লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়ন করতে হবে। | চেয়ারম্যান, বিআরটিসি। |
| ৫. | **ডিটিসিএ :** ৩য় প্রান্তিকের লক্ষ্যমাত্রা অনুযায়ী সকল কার্যক্রম নির্ধারিত সময়ে সম্পন্ন করতে হবে। | নির্বাহী পরিচালক, ডিটিসিএ। |
| ৬. | **ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানী লিমিটেড :** ৩য় প্রান্তিকের লক্ষ্যমাত্রা অনুযায়ী সকল কার্যক্রম নির্ধারিত সময়ে সম্পন্ন করতে হবে। | ব্যবস্থাপনা পরিচালক, ডিএমটিসিএল। |
| ৭. | **ঢাকা বাস র‍্যাপিড ট্রানজিট পিএলসি :** ৩য় প্রান্তিকের লক্ষ্যমাত্রা অনুযায়ী সকল কার্যক্রম নির্ধারিত সময়ে সম্পন্ন করতে হবে। | ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা বিআরটি পিএলসি। |
| ৮. | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের আওতাধীন সকল দপ্তর/সংস্থা কর্তৃক নৈতিকতা কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন আগামী ২৭/০৩/২৫ তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে। | ১। চেয়ারম্যান, বিআরটিএ।<br>২। প্রধান প্রকৌশলী, সওজ।<br>৩। চেয়ারম্যান, বিআরটিসি।<br>৪। নির্বাহী পরিচালক, ডিটিসিএ।<br>৫। ব্যবস্থাপনা পরিচালক, ডিএমটিসিএল।<br>৬। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা বিআরটি পিএলসি। |

CamScanner

৭.০। আর কোন বিষয়ে আলোচনা না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষনা করেন।

স্বাক্ষরিত/-
১৩/২/২৫
মোঃ এহছানুল হক
সিনিয়র সচিব

**স্মারক নং-** ৩৫.০০.০০০০.০৪৯.০৬.০০১.২৪-২৬ তারিখ: ০২ ফাল্গুন ১৪৩১ / ১৬ ফেব্রুয়ারী ২০২৫

**বিতরণ জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়:**

০১। সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ, বিআরটিএ, বনানী, ঢাকা।
০৩। চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন, বিআরটিসি, পরিবহন ভবন, মতিঝিল, ঢাকা।
০৪। নির্বাহী পরিচালক, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ, ডিটিসিএ ভবন, তেজগাঁও, ঢাকা।
০৫। অতিরিক্ত সচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
০৬। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
০৭। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানী লিমিটেড, দিয়াবাড়ী, উত্তরা, ঢাকা।
০৮। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা বাস র‍্যাপিড ট্রানজিট পিএলসি, বাড়ী-৪, সড়ক-২১, সেক্টর-৪, উত্তরা, ঢাকা।
০৯। যুগ্মসচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।

**অনুলিপি (সদয় অবগতির জন্য):**

০১। একান্ত সচিব, সিনিয়র সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০২। অফিস কপি/মাষ্টার কপি।

**অনুলিপি (কার্যার্থে):**

০১। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের ওয়েবসাইটের শুদ্ধাচার সেবা বক্সে প্রকাশের অনুরোধসহ)।

১৬/২/২৫
শরন কুমার বড়ুয়া
সিনিয়র সহকারী সচিব
এনআইএস, এপিএ ও সুশাসন শাখা